

অড়ে হেপবার্নের আভিজাত্য অনুসরণ করছে রিয়াদ এয়ার

- A Monitor Desk Report

Date: 14 May, 2025



ঢাকাঃ মধ্যপ্রাচ্যের অন্য বিলাসবহুল এয়ারলাইনসের সঙ্গে প্রতিযোগিতা করতে বাজারে আসছে সৌদি সংস্থা রিয়াদ এয়ার।

সম্প্রতি প্রকাশিত রিয়াদ এয়ারের কেবিন ইন্টেরিয়র ডিজাইনে বিষয়টি উঠে এসেছে। যাকে বলা হচ্ছে ‘অড়ে হেপবার্ন অব দ্য স্কাই’।

সংস্থাটি বোয়িং ৭৮৭-৯ উডোজাহাজ বিজনেস এলিট, বিজনেস, প্রিমিয়াম ইকোনমি ও ইকোনমি শ্রেণীতে সাজিয়েছে। ৭৮৭ ড্রিমলাইনার ধারণ করবে ২৯০ যাত্রী। যেখানে বিজনেস এলিটে ৪, বিজনেসে ২৪, প্রিমিয়াম ইকোনমিতে ৩৯ ও ইকোনমি ক্লাসে ২২৩টি আসন থাকবে।

প্রিমিয়াম ইকোনমি ক্লাসে বসানো হচ্ছে জার্মানির রিকারোর আসন, যা এমিরেটস এয়ারলাইনসও ব্যবহার করে।

রিয়াদ এয়ারের সিইও টনি ডগলাস বলেন, ‘রিয়াদ এয়ারের প্রিমিয়াম ইকোনমি ইউরোপ বা উত্তর আমেরিকার অনেক এয়ারলাইনসের বিজনেস ক্লাস থেকেও ভালো।’

তিনি আরো বলেন, ‘আমরা নকশার মাধ্যমে সেই পুরনো দিনের আভিজাত্য ফিরিয়ে আনার চেষ্টা করেছি। যদি একে কোনো ব্যক্তিত্বের রূপ দিই, তবে আমি চাই এটি আকাশের অড়ে হেপবার্ন হোক। যাতে সেই চিরন্তন, মার্জিত ও আকর্ষণীয় সৌন্দর্যের প্রতিফলন থাকে এখানে।’

লন্ডনের ডিজাইন স্টুডিও পিস্টম্যান গুডের সঙ্গে ১৮ মাস সময় নিয়ে তৈরি হয়েছে রিয়াদ এয়ারের ইন্টেরিয়র ডিজাইন, যেখানে ষাটের দশকের প্যানআম উডোজাহাজের গ্ল্যামারাস আমেজ ফিরিয়ে আনার চেষ্টা রয়েছে। প্রিমিয়াম কেবিনে ফুটিয়ে তোলা হয়েছে উচ্ছ্বাস, রোমাঞ্চ ও আভিজাত্য।

রিয়াদ এয়ারের বিজনেস কেবিনে থাকবে ব্যক্তিগত গোপনীয়তা নিশ্চিত করে এমন প্যানেল, লাই-ফ্ল্যাট বেড, বড় এইচডি স্ক্রিন, মুড লাইটিং এবং হাই-স্পিড ওয়াই-ফাই। গাঢ় বেগুনি ও সোনালি রঙের সঙ্গে কেবিনে সাজানো হচ্ছে পাথরের নকশায়। বিজনেস এলিট ও বিজনেস

সিটগুলো থাকবে এক-দুই-এক বিন্যাসে, যার প্রতিটি হবে সম্পূর্ণ ফ্ল্যাট বেড।

মাঝের সিটে থাকবে গোপনীয়তা বজায় রাখতে পার্টিশন, ৫২ ইঞ্চি উচ্চতার দেয়াল ও স্লাইডিং দরজা। প্রিমিয়াম ইকোনমি ক্লাসে আসন থাকবে দুই-তিন-দুই বিন্যাসে। ইকোনমি ক্লাসে থাকবে তিন-তিন-তিন বিন্যাস। সব শ্রেণীর কেবিনে থাকবে ফোরকে ওএলইডি স্ক্রিন, বিজনেস এলিটে থাকবে ৩২ ইঞ্চি মনিটর।

রিয়াদ এয়ারের লয়্যালটি সদস্যরা ভায়াস্যাটের মাধ্যমে ফ্রি স্ট্রিমিং, সোশ্যাল স্ক্রলিং, ওয়েব ব্রাউজিং ও গেমিং সুবিধা পাবেন। সব কেবিনে থাকবে সৌদি ঐতিহ্যবাহী তীবু থেকে অনুপ্রাণিত 'টুইস্টিং ক্যানোপি' ডিজাইন।

-B